

## ব্রিকস নীতি পরিকল্পনা সংলাপ, পাটনা, বিহার (২৫-২৬ জুলাই, ২০১৬)

জুলাই ২০, ২০১৬

২০১৬-এ ব্রিকস-এর সভাপতি হিসাবে ভারত সরকারের পররাষ্ট্রমন্ত্রক ২৬ জুলাই, ২০১৬-এ ভারতের বিহার রাজ্যের রাজধানী শহর পাটনায় আয়োজন করতে চলেছে ব্রিকস নীতি পরিকল্পনা সংলাপের। ২০১৫ সালে রাশিয়া সভাপতি থাকার সময় নীতি পরিকল্পনার বিষয়ে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, তা আরও সংবেদনশীল এবং ব্যাপক ও যৌথ সমাধানের মাধ্যমে এগিয়ে নিয়ে যাওয়াই এই আলোচনার লক্ষ্য।

পররাষ্ট্রমন্ত্রক এই প্রথম সরকারিভাবে বিদেশনীতি সংশ্লিষ্ট অনুষ্ঠানের আয়োজন করতে চলেছে পাটনায়।

আন্তর্জাতিক পরিস্থিতি নিয়ে কৌশলগত মূল্যায়ন, প্রতিটি দেশের আঞ্চলিক পরিস্থিতি এবং তার প্রবনতা, দৈনন্দিন কুটনৈতিক সমস্যার সমাধান বিষয়ে মত বিনিময়ের একটি সুযোগ প্রদান করবে ব্রিকস নীতি পরিকল্পনা সংলাপ। আন্তর্জাতিক শাসনের ক্ষেত্রে ব্রিকসের ভূমিকা, ব্রিকস ফোরামের নিরবচ্ছিন্ন সহযোগিতা এবং ব্রিকসের অভিসৃতি এলাকা শনাক্তকরণ— আলোচনার অন্যতম বিষয়। এই সংলাপ আরও উন্নত করবে ব্রিকস দেশগুলির মধ্যেকার মূল্যায়ন এবং বৈদেশিক নীতি পরিকল্পনার ভাল চর্চা।

নিজ নিজ প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন— জনাব মিশেল আর্সেলিয়ান নেটো (ব্রাজিল নীতি পরিকল্পনার ডেপুটি প্রধান), জনাব ওলেগ স্টিপেনভ (রাশিয়ার নীতি পরিকল্পনার প্রধান), জনাব সন্তোষ ঝা (ভারতের নীতি পরিকল্পনার যুগ্ম সচিব), জনাব ওয়াং ওয়েনবিন (চিনের নীতি পরিকল্পনার ভারপ্রাপ্ত ডিজি) এবং জনাব ডেভিড মালকোলসন (দক্ষিণ আফ্রিকার আঞ্চলিক সংগঠনের প্রধান পরিচালক)